নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪২৫ ২২ জানুয়ারি ২০২৬

সংবাদ-বিজ্ঞপ্তি

# টাইমস হায়ার এডুকেশনের সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবি

টাইমস হায়ার এডুকেশনের সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। বুধবার (২১ জানুয়ারি ২০২৬) যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (Times Higher Education) তাদের অফিসিয়াল ওয়েবসাইটে এই র‍্যাঙ্কিং প্রকাশ করে। এতে ফিজিক্যাল সায়েন্স সাবজেক্ট ক্যাটাগরিতে বৈশ্বিক পর্যায়ে ৬০১ থেকে ৮০০ এবং বাংলাদেশে ৩য় অবস্থান অর্জন করে নোবিপ্রবি। পাশাপাশি লাইফ সায়েন্স ক্যাটাগরিতে বৈশ্বিক পর্যায়ে ৮০১ থেকে ১০০০ এর মধ্যে এবং বাংলাদেশে ৮ম অবস্থানে রয়েছে বিশ্ববিদ্যালয়টি।

এই অর্জনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, টাইমস হায়ার এডুকেশনের সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অভিনন্দন। সকল অংশীজনের সহযোগিতায় ভবিষ্যতেও নোবিপ্রবি সাফল্যের এ ধারা অব্যাহত রাখবে বলে আশাবাদ ব্যক্ত করছি।

উপাচার্য আরও বলেন, নোবিপ্রবিকে ভবিষ্যতে আরও গবেষণাকেন্দ্রিক, উদ্ভাবনসক্ষম ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এই স্বীকৃতি নোবিপ্রবির অবিচল অগ্রগতি এবং বৈশ্বিক দৃশ্যপটে এর শক্তিশালী অবস্থানকে নিশ্চিত করে। আগামীতে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ৫০০ এর মধ্যে এর মধ্যে অবস্থান নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর।

এ বিষয়ে নোবিপ্রবি উপ-উপাচার্য ও র‍্যাঙ্কিং এন্ড স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট সেলের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, এই সাফল্য প্রমাণ করে যে নোবিপ্রবি গবেষণা ও বিজ্ঞানচর্চায় ক্রমশ উন্নতি সাধন করছে। সাম্প্রতিক সময়ে ইরাসমাস প্লাস উদ্যোগ, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা এবং গবেষণানির্ভর নীতিমালা বাস্তবায়নের মাধ্যমে নোবিপ্রবির এ সাফল্য তরান্বিত হয়েছে বলে মনে করি।

উল্লেখ্য, এর আগে প্রতিষ্ঠার পর প্রথমবারের মতো বিশ্ব র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করে নোবিপ্রবি। গত ৯ অক্টোবর ২০২৫ যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) কর্তৃক ২০২৬ সালের প্রকাশিত তালিকায় বিশ্ব র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবি ১২০১ থেকে ১৫০০ এর মধ্যে অবস্থান করছে। তালিকায় বাংলাদেশের মোট ২৮টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নোবিপ্রবির অবস্থান ১২তম, আর গবেষণার মানদণ্ডে বিশ্ব তালিকায় অবস্থান ৭২২তম। এছাড়াও টাইমস হায়ার এডুকেশনের ইন্টারডিসিপ্লিনারি সায়েন্স র‍্যাঙ্কিংয়েও স্থান করে নিয়েছে নোবিপ্রবি। এতে বৈশ্বিক পর্যায়ে ৫০১ থেকে ৬০০ এর মধ্যে এবং বাংলাদেশে ৭ম অবস্থান অর্জন করে নোবিপ্রবি।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪